# বাংলাদেশ বিমান বাহিনীতে

# অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন



যোগদানের সম্ভাব্য তারিখঃ ০১ জানুয়ারি ২০২৩



## ইঞ্জিনিয়ারিং ও লিগ্যাল শাখায় স্বল্প মেয়াদী (DE 2023A) এবং শিক্ষা শাখায় বিশেষ স্বল্প মেয়াদী কমিশন (SPSSC 2023A)

### শিক্ষাগত যোগ্যতা

| | |
|---|---|
| ইঞ্জিনিয়ারিং | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ ৪.৫০ এবং উভয় পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'এ' থাকতে হবে।<br>অথবা<br>GCA 'ও' লেভেলে পদার্থ, গণিত ও রসায়নসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম 'এ' এবং GCA 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'বি' থাকতে হবে। |
| | যে কোনো স্বীকৃত প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে যন্ত্র প্রকৌশল / তড়িৎ প্রকৌশল / ইলেক্ট্রনিক্স প্রকৌশল / কম্পিউটার প্রকৌশল / অ্যারোনটিক্যাল (অ্যারোস্পেস বা অ্যাভিওনিক্স) প্রকৌশলে কমপক্ষে সিজিপিএ ৩.০০ সহকারে ন্যূনতম বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির অধিকারী হতে হবে। |
| লিগ্যাল | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে অনার্স ও মাস্টার্স এ সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| শিক্ষা | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |

### অন্যান্য যোগ্যতা

নাগরিকত্ব ঃ বাংলাদেশ পুরুষ/মহিলা নাগরিক। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত/বিবাহিত।
বয়স ঃ ০১ জানুয়ারি ২০২৩ ইং তারিখে-
(ক) ২০ থেকে ৩০ বছর (ইঞ্জিনিয়ারিং এবং লিগ্যাল শাখার প্রার্থীদের জন্য)।
(খ) ২১ থেকে ৪০ বছর (শিক্ষা শাখার প্রার্থীদের জন্য)।
বিঃদ্রঃ বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
উচ্চতা ঃ পুরুষ প্রার্থী ঃ কমপক্ষে ৬৪ ইঞ্চি। বুকের মাপ ঃ কমপক্ষে ৩২ ইঞ্চি। প্রসারণ ঃ ২ ইঞ্চি।
মহিলা প্রার্থীঃ কমপক্ষে ৬২ ইঞ্চি। বুকের মাপ ঃ কমপক্ষে ২৮ ইঞ্চি। প্রসারণ ঃ ২ ইঞ্চি।
ওজন ঃ বয়স ও উচ্চতানুযায়ী। চোখ ঃ ৬/৬ অথবা বিধি অনুসারে।

### প্রার্থীর জন্য অযোগ্যতা

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোনো সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় অবসর গ্রহণ;
২। বিগত পাঁচ বছরের মধ্যে আইএসএসবি পরীক্ষায় দু'বার স্ক্রীন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন্ড আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবে);
৩। যে কোনো ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত;
৪। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত;

### প্রশিক্ষণ/কমিশন

১। বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৬ মাস প্রশিক্ষণ শেষে স্বল্প মেয়াদী কমিশনে সরাসরি 'ফ্লাইং অফিসার' এবং বিশেষ স্বল্প মেয়াদী কমিশনে সরাসরি 'ফ্লাইট লেফটেন্যান্ট' পদে নিয়মানুযায়ী পশ্চাৎ প্রবীণতা সহকারে কমিশন প্রদান করা হবে।
২। কমিশন প্রাপ্তির পর ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে এককালীন ৫৯,১৫০/- টাকা এবং লিগ্যাল ও SPSSC কোর্সের ক্ষেত্রে এককালীন ৪২,২৫০/- টাকা বিশেষ ভাতা (থোক অনুদান) প্রদান করা হবে।

### নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষাঃ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী; ২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা;
৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি)/এসএসবি;
৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা; ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)।
বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

### বিশেষ সুযোগ-সুবিধা

প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণশেষে পদবি অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য।





### হুঁশিয়ারি

ভর্তির বিষয়ে কোন অসৎ ব্যক্তির সাথে যোগাযোগ বা আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না। কেননা বিমান বাহিনীতে ভর্তি প্রক্রিয়ায় কোন প্রকার সুপারিশ বা অবৈধ লেনদেন দ্বারা সফলতা পাওয়ার সুযোগ নেই।

**পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।**

| পরীক্ষার তারিখ | পরীক্ষা কেন্দ্র |
|---|---|
| ৪, ৬, ৭, ১১ ও ১২ সেপ্টেম্বর ২০২২ | বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। |

বিঃদ্রঃ কোনো প্রার্থী নির্ধারিত পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোনো দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে টেলিফোনের মাধ্যমে জানাতে হবে।

**সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল পরীক্ষা গ্রহণ করা হবে।**

**অনলাইনে আবেদনের সময়সীমাঃ ২৬ আগস্ট ২০২২ থেকে ১১ সেপ্টেম্বর ২০২২। * শর্ত প্রযোজ্য**

### অফিসার ক্যাডেট হিসেবে ভর্তি পরবর্তী সুবিধাদিঃ

ক্যারিয়ারঃ ইঞ্জিনিয়ারিং অফিসার, লিগ্যাল অফিসার এবং শিক্ষা শাখার অফিসার হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ।

বিদেশে প্রশিক্ষণঃ প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে মেধাবী অফিসার ক্যাডেটদের এবং কমিশন প্রাপ্তির পর অফিসারগণের পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।

উচ্চ শিক্ষা সুবিধাঃ বিমান বাহিনীর তত্ত্বাবধানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন এন্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-সহ দেশে/বিদেশে মাস্টার্স ও পিএইচডি-সহ উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ।

জাতিসংঘ মিশনঃ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের সুযোগ।

বাংলাদেশ দূতাবাসঃ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।

বাসস্থান ও রেশনঃ নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত, সুসজ্জিত বাসস্থান এবং ভর্তুকি মূল্যে রেশন প্রাপ্তির সুযোগ।

সন্তানদের অধ্যয়নঃ সন্তানদের যোগ্যতার ভিত্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি, বিইউপি, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ ও বিমানবাহিনী পরিচালিত বিএএফ শাহীন স্কুল/ কলেজে (বাংলা ও ইংলিশ ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম) এ অধ্যয়নের সুযোগ।

যাতায়াতঃ বিমান বাহিনীর এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে সপরিবারে বিমান বা হেলিকপ্টার যোগে যাতায়াতের সুযোগ।

গাড়ি ঋণ ও ডিওএইচএস প্লটঃ শর্তসাপেক্ষে সুদমুক্ত গাড়ি ঋণ ও ডিওএইচএস-এ প্লট প্রাপ্তির সুযোগ।

চিকিৎসাঃ সামরিক হাসপাতালে নিজ, স্ত্রী ও সন্তানদের উন্নত চিকিৎসা; প্রয়োজনে নগদ অর্থ প্রদানসহ বিদেশে চিকিৎসার সুযোগ। পাশাপাশি সামরিক হাসপাতালে পিতা, মাতা, শ্বশুর ও শাশুড়ির উন্নত চিকিৎসার সুযোগ রয়েছে।

### অনলাইনে আবেদনের নিয়মাবলী

সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now' -এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে ফি বাবদ ১,০০০/- টাকা পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড-এর মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ ও প্রিন্ট করতে হবে। উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে সম্প্রতি তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে), শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে।

### আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবেঃ
১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ, বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানার সনদ জমা দিতে হবে। উক্ত সনদ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে;
৩। সম্প্রতি তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে);
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র;
৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
৭। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

**শর্ত প্রযোজ্যঃ সকল নিয়ম ও শর্তসমূহ বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।**

রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্যঃ বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্যঃ https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8 AM-3 PM), Email: helpdesk@baf.mil.bd, Follow us: facebook.com/baf.mil.bd